

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাজেট শাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

**বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভার কার্যবিবরণী**

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) অর্জন প্রতিবেদন অনুমোদনের লক্ষ্যে এ বিভাগের সচিব এবং বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভাপতি জনাব নাজিমউদ্দিন চৌধুরী এর সভাপতিত্বে অদ্য ২৬-০৪-২০১৮ তারিখে পর্যালোচনা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত করা হল।

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন)'কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) অর্জন প্রতিবেদন প্রস্তুত করার লক্ষ্যে চুক্তিপত্রের কৌশলগত উদ্দেশ্যের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গ্যাস কুপ খনন, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, ২-ডি সাইসমিক জরিপ, ৩-ডি সাইসমিক জরিপ, আমদানিকৃত পরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ, পি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, ভূতাত্ত্বিক এবং ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন ইত্যাদি বিষয়ের অগ্রগতির উপর প্রতিবেদন প্রণয়ন করা হয়। প্রস্তুতকৃত ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) অর্জন প্রতিবেদন যথাযথভাবে পর্যালোচনাপূর্বক অনুমোদনের জন্য এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি'র অদ্যকার সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনের বিভিন্ন সংস্থা প্রধানগণ স্ব স্ব মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থাপিত এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) অর্জন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।


০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

৩.১। (ক) এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির(Annual Performance Agreement-APA) প্রস্তুতকৃত ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) অর্জন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।





(নাজিমউদ্দিন চৌধুরী)

সচিব

ও

সভাপতি

বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ